

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০/৬৪৭

তারিখঃ ২২ অগ্রহায়ণ, ১৪২৩ বং
০৬ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

পরিপত্র

- বিষয়ঃ ক) গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন/পণ্যক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা পুনঃনির্ধারণ প্রসংগে।
খ) সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্টি প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে আর্থিক ক্ষমতা পুনঃনির্ধারণ প্রসংগে।

সূত্র: ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৬, তারিখ: ১৬/০৮/২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন/পণ্যক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন এবং সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্টি প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনের ক্ষেত্রে অর্পিত আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে নির্দেশক্রমে পুনঃনির্ধারণ করা হলো :

ক) উন্নয়ন খাতঃ

আর্থিক ক্ষমতা অর্পণ পুস্তিকার ক্র: নং	বিষয়	মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা	কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায়	কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান	প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা		
					ক-শ্রেণি*৩ (১০০ কোটি টাকার উর্ধ্বে)	খ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত)	গ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকা পর্যন্ত)
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে*১	১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত	৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত	২৫ (পঁচিশ) কোটি টাকা পর্যন্ত	২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত	১৫ (পনের) কোটি টাকা পর্যন্ত	১০ (দশ) কোটি টাকা পর্যন্ত
২.	পণ্য/যন্ত্রপাতি/মালামাল/সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে*১	১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত	৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত	২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত	১০ (দশ) কোটি টাকা পর্যন্ত	৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত	৩ (তিন) কোটি টাকা পর্যন্ত
৩.	পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ*১	৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত	৮ (আট) কোটি টাকা পর্যন্ত	৭ (সাত) কোটি টাকা পর্যন্ত	৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত	৩ (তিন) কোটি টাকা পর্যন্ত	১ (এক) কোটি টাকা পর্যন্ত

*১ গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ (নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে) সংস্থাসমূহের পূর্তকাজ ও ভৌত সেবা অনুমোদন এবং পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ১০০ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ৩০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের জন্য প্রয়োজ্য ক্ষেত্রে কলাম ৬, ৭ অথবা ৮ অনুসরণ করতে হবে;

*৩ বোর্ড অব ডাইরেক্টরস/সংস্থার নির্বাহী প্রধান প্রয়োজন বোধে তাহাদের স্ব স্ব সংস্থায় কর্মরত কর্মকর্তাদেরকে জাতীয় বেতন স্কেলের গ্রেড অনুসরণেও এ আর্থিক ক্ষমতা অর্পণ করতে পারবেন।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

